

বিটিএমসি'র ইনোভেশন টিমের নভেম্বর/২০১৮ মাসের মাসিক সভার কার্যবিবরণী

১.০০ বিটিএমসি'র ইনোভেশন (Innovation) টিমের নভেম্বর'২০১৮ মাসের মাসিক সভা ০৫/১১/২০১৮খ্রিঃ তারিখে জনাব মোঃ গোলাম ফয়সাল, প্রধান নিরীক্ষক ও ইনোভেশন ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম, বিটিএমসি এর সভাপতিত্বে তাঁর দপ্তরে সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভায় ইনোভেশন টিমের সদস্যগণ ও নবনিযুক্ত মেন্টিগন উপস্থিত ছিলেন (তালিকা সংযুক্তি-১)। সভাপতি নবনিযুক্ত মেন্টিগনকে সভায় স্বাগত জানান এবং ইনোভেশন ও মেন্টিদের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত ধারণা দেন।

২.০০ অতঃপর সভায় বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সম্পাদিত ২০১৮-২০১৯ অর্থ বছরের APA চুক্তির কৌশলগত উদ্দেশ্যের মধ্যে ইনোভেশন সংক্রান্ত বিষয় আলোচনা করা হয়। APA চুক্তি পর্যালোচনাকালে দেখা যায়, ২০১৮-২০১৯ অর্থ বছরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে সেবা সহজীকরণ সংক্রান্ত ২টি উদ্ভাবনী উদ্যোগ, ১টি ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) এবং ১টি অনলাইন সেবা চালুর উদ্যোগ গ্রহণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। উক্ত লক্ষ্যমাত্রার আলোকে ২০১৮-২০১৯ অর্থ বছরে নিম্নরূপভাবে ২টি উদ্ভাবনী উদ্যোগ, ১টি ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) এবং ১টি অনলাইন সেবা চালু করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ

ক্রঃ নং	বিষয়	কার্যক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	উদ্ভাবনী উদ্যোগ/ ধারনাসমূহ।	(ক) বিটিএমসি'র প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা Online System এ প্রত্যেকের স্ব-স্ব ব্যাংক হিসাবে প্রেরণ করা। সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীদেরকে এসএমএস (খুদে বার্তা) এর মাধ্যমে বেতন-ভাতাদি জমার বিষয়টি নিশ্চিত করা হয়। এ কার্যক্রমটি বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০১৮-২০১৯ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে। গৃহীত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি ত্রৈ-মাসিক ভিত্তিতে বস্ত্র ও পাট মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। (খ) বিটিএমসি'র প্রধান কার্যালয়ের বিভিন্ন নোটিশ, অফিস আদেশ, নির্দেশ ইত্যাদি এসএমএস (খুদে বার্তা) এর মাধ্যমে দ্রুত সকলকে অবহিত করার পরিকল্পনা/কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এটিও ২০১৮-২০১৯ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে।	(ক ও খ) বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০১৮-২০১৯ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে বিধায় গৃহীত কার্যক্রমদ্বয়ের বাস্তবায়ন অগ্রগতি বস্ত্র ও পাট মন্ত্রণালয়কে ত্রৈ-মাসিক ভিত্তিতে অবহিত করার লক্ষ্যে ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিমকে নিয়মিত তথ্য (প্রমানকসহ) সরবরাহ করতে হবে।	(ক) হিসাব বিভাগ, বিটিএমসি, ঢাকা। (খ) পারসনেল শাখা বিটিএমসি, ঢাকা।

ক্রঃ নং	বিষয়	কার্যক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.	ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন সংক্রান্ত।	সভায় প্রধান হিসাব রক্ষক (অতি:দা) ও সদস্য, ইনোভেশন টিম জানান যে, বিটিএমসি'র প্রধান কার্যালয়ে একটি Accounting Software উন্নয়ন ও বাস্তবায়নের কার্যক্রম চলছে। এ কার্যক্রমটি ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) এর আওতায় বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০১৮-২০১৯ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে অর্ন্তভুক্ত করার বিষয়ে সভায় সকলে একমত করেন।	Accounting Software প্রস্তুতের কার্যক্রমটি ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) এর আওতায় বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০১৮-২০১৯ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে অর্ন্তভুক্ত করা যেতে পারে। Accounting Software উন্নয়ন ও বাস্তবায়ন এবং কার্যক্রমের অগ্রগতি বস্ত্র ও পাট মন্ত্রণালয়কে ত্রৈ-মাসিক ভিত্তিতে অবহিত করার লক্ষ্যে ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিমকে নিয়মিত তথ্য (প্রমানকসহ) সরবরাহ করতে হবে।	ফোকাল পয়েন্ট, ইনোভেশন টিম ও হিসাব বিভাগ, বিটিএমসি, ঢাকা।
৩.	অন-লাইন সেবা সংক্রান্ত	Online সেবার আওতায় বিটিএমসি'র প্রধান কার্যালয় ও মিলসমূহের কর্মকর্তা-কর্মচারীদের ছুটি ও সকল প্রকার আবেদন Online / ই-মেইল এর মাধ্যমে আদান-প্রদান ও , নিষ্পত্তির কার্যক্রম গ্রহন করা এবং এটি একটি অন-লাইন সেবা হিসেবে বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০১৮-২০১৯ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে অর্ন্তভুক্ত করার বিষয়ে সভায় সকলে একমত করেন।	Online সেবার আওতায় বিটিএমসি'র প্রধান কার্যালয় ও মিলসমূহের কর্মকর্তা-কর্মচারীদের ছুটি ও সকল প্রকার আবেদন Online / ই-মেইল এর মাধ্যমে আদান-প্রদান ও নিষ্পত্তির কার্যক্রম গ্রহন করা যেতে পারে এবং এ কার্যক্রমটি বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০১৮-২০১৯ এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে অর্ন্তভুক্ত করা যেতে পারে।	পারসনেল শাখা, বিটিএমসি, ঢাকা।

৩.০০ সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত-০৭/১১/২০১৮খ্রিঃ

(মোঃ গোলাম ফয়সাল)

প্রধান নিরীক্ষক

ও

ইনোভেশন কর্মকর্তা/ফোকাল পয়েন্ট,বিটিএমসি
faisalmd.golam@yahoo.com